51

দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JUN 1994
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# সিলেটে মাধ্যমিক স্তরে শিক্ষার হাল শোচনীয়

সিলেট হইতে হুমায়ুন রশিদ চৌধুরী ॥ সিলেট জেলায় প্রাথমিক স্তরে শিক্ষা কিছুটা বৃদ্ধি পাইলেও মাধ্যমিক স্তরে ইহার অবস্থা শোচনীয়। জেলার ৩৯% শিশু-কিশোর মাধ্যমিক শিক্ষা হইতে বঞ্চিত।

জেলার ১১ থানায় তিন মাসব্যাপী এক সরকারী জরিপে দেখা যায়ঃ সিলেটে ৬ হইতে ১০ বৎসরের শিশুর সংখ্যা ৩ লক্ষ ৯৮ হাজার ৯২৭। তন্মধ্যে ৩ লক্ষ ৩৯ হাজার ৪৯৫টি অর্থাৎ ৮৫ ভাগ শিশু বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইয়াছে। মাত্র ১৫ ভাগ শিশু প্রাথমিক স্তরে ভর্তি হইতে পারে নাই। ১১ হইতে ১৪ বছরের এক লক্ষ ৭৯ হাজার ২৪৭টি শিশু-কিশোরের মধ্যে এক লক্ষ ৯ হাজার ৮৭৭টি অর্থাৎ ৬১ ভাগ শিশু-কিশোর বিভিন্ন মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্তরে লেখাপড়া করিতেছে। ১১ হইতে ১৪ বৎসরের অল্প সংখ্যক শিশু-কিশোর প্রাথমিক স্তরে লেখাপড়া করিতেছে। তাহাদের অধিকাংশই বিভিন্ন কারণে অকৃতকার্য হইয়া একই ক্লাসে কয়েক বৎসর কাটাইয়া থাকে।

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## সিলেটে মাধ্যমিক

(শেষ পৃঃ পর)

জেলায় ১ হইতে ৫ বৎসরের ৪ লক্ষ ২৬ হাজার ১৬৭টি শিশুর মধ্যে ১৬ হাজার ৪৩১টি শিশুকে বিভিন্ন স্কুলে, বিশেষতঃ কিন্ডার গার্টেনে ভর্তি করা হইয়াছে। সিলেট সদরে ৬-১০ বছর বয়সের ৯৪ হাজার ৩৩৯টি শিশুর মধ্যে স্কুলে ভর্তি হইয়াছে ৮৪ হাজার ৫৭২টি শিশু। কোম্পানীগঞ্জে ১৫ হাজার ৮০৪টির মধ্যে ভর্তি হইয়াছে ১০ হাজার ৩৬২টি শিশু। জৈন্তাপুরে ২০ হাজার ৫২০টির মধ্যে ১৫ হাজার ১০৬টি, গোয়াইনঘাটে ৩৫ হাজার ৪৬৬টির মধ্যে ২৯ হাজার ৩৮০টি, বিশ্বনাথে ৩১ হাজার ৮৩৯টির মধ্যে ২৯ হাজার ৪৪২টি, গোলাপগঞ্জে ৪১ হাজার ৭৫৭টির মধ্যে ৩৮ হাজার ৭২২টি, বিয়ানীবাজারে ৩২ হাজার ৯৫০টির মধ্যে ২৯ হাজার ৪৪৭টি, কানাইঘাটে ৩৩ হাজার ৯১২টির মধ্যে ২৬ হাজার ৩৯৬টি, জকিগঞ্জে ৩২ হাজার ৬৪২টির মধ্যে ২৭ হাজার ৩৩২টি, ফেঞ্চুগঞ্জে ১৪ হাজার ১১৬টির মধ্যে ১২ হাজার ৬৮৫টি এবং বালাগঞ্জে ৪১ হাজার ৪৫৭টির মধ্যে ৩৫ হাজার ৯৬১টি শিশু বিদ্যালয়ে ভর্তি হইয়াছে।